

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬২৫

পরিচ্ছেদঃ ফল, ফসল ও শস্যের যাকাত।

باب مَا جَاءَ فِي صَدَقَةِ الزَّرْعِ وَالتَّمْرِ وَالْحُبُوبِ.

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، حَدَّثَنَا سُفْيَانُ، وَشُعْبَةُ، وَمَالِكُ بْنُ أَنسٍ، عَنْ عَمْرِو بْنِ يَحْيَى، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي سَعِيد، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَ حَدِيثِ عَبْدِ الْعَزِيزِ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي سَعِيد حَديثُ حَسَنٌ صَحَيِّ وَقَدْ رُويَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْهُ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ أَنْ لَيْسَ فِيمَا دُونَ خَمْسَةٍ أَوْسُقٍ صَدَقَةٌ . وَالْوَسْقُ سِتُونَ صَنَاعًا وَخَمْسَةُ أَوْسُقِ ثَلاَثُمِا الْعِلْمِ أَنْ لَيْسَ فِيمَا دُونَ خَمْسٍ أَواقٍ صَدَقَةٌ وَالأُوقِيَّةُ أَرْبَعُونَ دِرْهَمًا وَخَمْسُ أَواقٍ صَدَقَةٌ وَالأُوقِيَّةُ أَرْبَعُونَ دِرْهَمًا وَخَمْسُ أَواقٍ مَدَقَةٌ وَالأُوقِيَّةُ أَرْبَعُونَ دِرْهَمًا وَخَمْسُ أَواقٍ مَدَدَقَةٌ يَعْنِي لَيْسَ فِيمَا دُونَ خَمْسٍ مِنَ الإِبلِ وَعِشْرِينَ مِنَ الإِبلِ فَفِيهَا بِنْتُ مَخَاضٍ وَفِيمَا دُونَ خَمْسٍ مِنَ الإِبلِ وَعِشْرِينَ مِنَ الإِبلِ فِي كُلِّ خَمْسٍ مِنَ الإِبلِ شَاةٌ .

বাংলা

৬২৫. মুহাম্মদ ইবনু বশশার (রহঃ) আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে আবদুল আযীয (রহঃ) আমর ইবনু ইয়াহ্ইয়া (রহঃ) সূত্রে বর্ণিত হাদীছের অনুরূপ রিওয়ায়াত করেছেন। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আবূ সাঈদ (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান সহীহ। তাঁর থেকে একাধিক সূত্রে হাদিস বর্ণিত আছে। আলিমগণের আমলও এ হাদিস অনুযায়ী যে, পাঁচ ওয়াসাকের কম (কৃষিজ ফসলের) ক্ষেত্রে যাকাত নেই। এক ওয়াসাক হল ষাট সা'। সুতরাং পাঁচ ওয়াসাক হল তিনশ সা'। নবী সাল্লাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম এর সা এর পরিমাণ ছিল, পাঁচ রতল ও এক রতলের এক তৃতীয়াংশ। কুফাবাসীদের সা এর পরিমাণ হল আট রতল। পাঁচ উকইয়ার কমে রৌপ্যের যাকাত নেই। এক উকইয়া হল চল্লিশ দিরহাম। পাঁচ উকইয়ায় হয় দুইশ দিরহাম। পাঁচ উট থেকে কম হলে যাকাত নেই। পাঁচিশটি উট হলে এতে একটি বিনত মাখায (এক বছরবয়স্ক মাদী উট) ওয়াজিব হয়। আর



পঁচিশটির কমের ক্ষেত্রে প্রতি পাঁচটি উটের উপর একটি বকরী যাকাত আসে। - তিরমিজী হাদিস নম্বরঃ ৬২৭ [আল মাদানী প্রকাশনী]

English

(Another chain of narration that) Abu Sa'eed Al-Khudri narrated that : the Prophet said (as avobe the same narration)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন